

## শেখবিপ্রবিতে স্নাতক সম্মানে শূন্য আসনে ভর্তি কাল

### ■ নোয়াখালী প্রতিনিধি

আগামীকাল ৬ মার্চ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর বিভিন্ন বিভাগের শূন্য আসন পূরণের লক্ষ্যে অপেক্ষমান তালিকা থেকে ভর্তি করা হবে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর মোঃ মমিনুল হক স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। মুক্তিযোদ্ধা কোটায় শিক্ষার্থী সরকারি পরিপত্র অনুযায়ী ভর্তি করা হবে। এই শূন্য আসনে মনোনীতদের বিশ্ববিদ্যালয়ে হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়াম সকাল সাড়ে ৯ টায় ভর্তি অনুষ্ঠিত হবে।